

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-০৫

তারিখঃ ০৫/০১/২০১৭  
সময়ঃ বিকাল ৪.০০টা

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্রবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ** দেশের সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

**নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ** দেশের নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকায় ও দেশের উত্তরাঞ্চলে মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চতাপমাত্রা	২৬.৭	২৮.০	২৯.০	২৮.৪	২৬.২	২৫.০	২৬.৩	২৭.০
সর্বনিম্নতাপমাত্রা	১২.৭	১৩.১	১৪.০	১১.২	১২.০	১৩.০	১১.২	১২.৮

- দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার, টেকনাফ ২৯.০° সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল শ্রীমঙ্গল, চুয়াডাঙ্গা ১১.২° সে.।

**০২। ভূমিকম্পঃ** গত ০৩.০১.২০১৭ তারিখ বিকাল ৩টা ৯মিনিট ০২ সেকেন্ডের সময় ঢাকাসহ সারাদেশে রিস্টার স্কেল ৫.৫ মাত্রার (মাঝারী মাত্র) ভূকম্পন সংঘটিত হয়। ভূমিকম্পের কেন্দ্র ছিল ঢাকার আগারগাঁওস্থ ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র থেকে ১৭৬ পূর্বে বাংলাদেশ-ভারত সীমান্ত এলকায়। ভূমিকম্পের ক্ষয়ক্ষতি নিম্নরূপঃ

**সুনামগঞ্জঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, গত ০৩.০১.২০১৭ তারিখের ভূমিকম্পে সময় জগন্নাথপুর উপজেলায় আতংকিত হয়ে সিড়ি দিয়ে নামার সময় পড়ে গিয়ে হীরণ মিয়া, বয়স-৬৬ বছর নামের এক বৃদ্ধের মৃত্যু হয় এবং ছাতক উপজেলায় একই কারণে শামিমা আক্তার নামে ১৮ বছরের কিশোরী হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যবরণ করে। জেলা প্রশাসন হতে মৃতদের পরিবারকে সাহায্যের প্রক্রিয়া চলছে বলে তিনি জানান।

**মৌলভীবাজারঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মৌলভীবাজার জানায় গত ০৩.০১.২০১৭ তারিখের ভূমিকম্পে কমলগঞ্জ উপজেলায় কিছু কাঁচামাটির ঘর ক্ষতিগ্রস্ত হয় এবং কয়েকটি পাকা ঘরে ফাটল দেখা দিয়েছে এবং রাজনগর উপজেলায় একটি চারতলা ভবন সামান্য হেলে যায়।

**০৩। অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, গত ০৩.০১.২০১৭ তারিখ ভোর রাত ২-৩০ টায় রাজধানীর গুলশানের ডিসিসি মার্কেটে আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপক দলের ২২টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে প্রায় ১৫ ঘন্টা চেষ্টা করে বিকাল ০৫.৪৫ মিনিটে আগুন নিয়ন্ত্রনে আনে। সাত সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ক্ষয়ক্ষতি ও উদ্ধার তদন্ত সাপেক্ষে।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭X২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০।

**Email:** [ndrcc@modmr.gov.bd](mailto:ndrcc@modmr.gov.bd)/ [ndrcc.modmr@gmail.com](mailto:ndrcc.modmr@gmail.com)

**মোবাইল নম্বরঃ** অতিরিক্ত সচিব (দুব্যা) ০১৯৩৭-১৬৩৫৮২, উপ সচিব (এনডিআরসিসি) ৯৫৪৬৬৬৩/ ৯৫৪৫১১৫/ ০১৫৩৬২৩৯২৬০

স্বাক্ষরিত/  
(জি,এম আব্দুল কাদের )  
উপ-সচিব(এনডিআরসিসি)  
ফোনঃ ৯৫৪৫১১৫

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যদার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ/দুব্য), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
- ০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্ম সচিব (প্রশাঃ/বাজেট/দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৪। উপ-সচিব (সেবা/দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।